



নম্বর-৫৯.০০.০০০০.১০৪.১৮.০০৭.২০-৪৯২

তারিখ: ১২ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ
২৭ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয়: স্বাস্থ্য বিধি মেনে চলার বিষয়ে সচেতনতা বৃদ্ধি ও মাস্ক ব্যবহার নিশ্চিতকরণ।


প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ২০.০৪.২০২০ তারিখের ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০১৩.২০২০-১৮৮ নং স্মারকে করোনা ভাইরাস (Covid-19) প্রতিরোধ, ক্ষতিগ্রস্তদের মাঝে চলমান ত্রাণ কার্যক্রম এবং আইন শৃংখলা পরিস্থিতি সুসম্বয়ের লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব, জনাব মো: আলী নূর মহোদয়কে ঢাকা জেলার সমন্বয়কের দায়িত্ব প্রদান করা হয়েছে।

০২। আসন্ন ঈদ-উল-আজহা উপলক্ষে ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি কর্পোরেশন এলাকা এবং ঢাকা জেলাধীন ৫টি উপজেলায় জনসমাগম ও জনগণের চলাচল বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। ফলে করোনা বৃদ্ধি হ্রাস করার নিমিত্ত স্বাস্থ্য বিধি মেনে চলার বিষয়ে সচেতনতা বৃদ্ধি ও মাস্ক ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি কর্পোরেশন এলাকা এবং ঢাকা জেলাধীন ৫টি উপজেলার নিয়োক্ত স্থাপনা/স্থানে অবস্থানকারী/যাতায়াতকারী ব্যক্তিবর্গের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি এবং মাস্ক ব্যবহার নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো:

- ক. মসজিদ, মন্দির, গীর্জাসহ সকল ধর্মীয় উপাসনালয়;
- খ. হাট-বাজার, দোকানপাট, শপিং মল, বিপনী বিতান;
- গ. গণ পরিবহনের যাত্রী, চালক ও চালকের সহকারী;
- ঘ. গার্মেন্টস ফ্যাক্টরিসহ সকল শিল্প কারখানা;
- ঙ. হকার, রিক্সা ও ভ্যান চালকসহ সকল পথচারী;
- চ. সকল প্রকার সামাজিক অনুষ্ঠানে আগত ব্যক্তি;
- ছ. হোটেল রেস্তোরাঁতে কর্মরত কর্মচারী/আগত ব্যক্তি;

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।


২৭/০৭/২০২০
(মো: আনোয়ার হোসাইন আকন্দ)
উপসচিব
ফোন-৯৫৪৫৮২০
admin@mefwd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):


- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ।
- ২। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- ৪। ডিআইজি, ঢাকা রেঞ্জ।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা।
- ৬। পুলিশ সুপার, ঢাকা।
- ৭। পুলিশ সুপার, শিল্প পুলিশ, ঢাকা জেলা।
- ৮। সিভিল সার্জন, ঢাকা।

নম্বর-৫৯.০০.০০০০.১০৪.১৮.০০৭.২০-৪৯২/১(১৪)

তারিখ: ১২ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ
২৭ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ

অনুক্রমিক সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ/স্থানীয় সরকার বিভাগ।
- ৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/স্বাস্থ্য সেবা বিভাগ।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৫। মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইট প্রকাশের অনুরোধসহ)।


২৭/০৭/২০২০
(মো: আনোয়ার হোসাইন আকন্দ)
উপসচিব